Fiber	6.36
Vegetable	2.62
Leafy Vegetable	0.86
Spices	3.29
Fruit	1.15
Mixed income/operating surplus per kilogram (TK.)	
Cereals	7.67
Pulses	29.97
Oil Seed	21.09
Fiber	37.16
Vegetable	17.21
Leafy Vegetable	10.44
Spices	16.65
Fruit	22.69
Compensation of employees (as % of value added)	
Cereals	29.92
Pulses	16.96
Oil Seed	25.34
Fiber	14.60
Vegetable	17.57
Leafy Vegetable	7.63
Spices	16.50
Fruit	4.70
Mixed income (as % of value added)	
Cereals	70.04
Pulses	83.04
Oil Seed	74.66
Fiber	65.40
Vegetable	83.90
Leafy Vegetable	92.37
Spices	83.50
Fruit	95.30

নির্বাহী সারসংক্ষেপ

বাংলাদেশের মতো উন্নয়নশীল দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধিতে কৃষি পণ্যের স্থূল বাজারজাতকৃত উদ্ভূত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। বাংলাদেশের শিল্প ও সেবা খাতের প্রবৃদ্ধি মূলত কৃষিপণ্যের উৎপাদন এবং এর স্থূল বাজারজাতকৃত উদ্ভূতের উপর নির্ভর করে।

কৃষি বিপণন ও মূল্যের পাশাপাশি আমদানি ও রপ্তানি সম্পর্কিত যথাযথ নীতিনির্ধারন ও সিদ্ধান্ত গ্রহণের জন্য স্থূল বাজারজাতকৃত উদ্ভূতের হালনাগাদ ও সমন্বিত তথ্যের প্রাপ্যতা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

স্থূল বাজারজাতকৃত উদ্ভূতের উপর পরিচালিত এই জরিপটি বিবিএস এর প্রথম প্রয়াস। জরিপটির মাধ্যমে ব্যাপক ও বিস্তৃত তথ্য ও উপাত্ত পাওয়া গিয়েছে যা কৃষিখানা কর্তৃক উৎপাদিত কৃষি পণ্যের স্থূল বাজারজাতকৃত উদ্ভূতের বিদ্যমান পরিস্থিতি সম্পর্কে স্পষ্ট ধারণা প্রদানে অত্যন্ত সহায়ক হবে। জরিপ থেকে প্রাপ্ত মূল ফলাফলসমূহ সংক্ষিপ্তভাবে নিচে সন্নিবেশ করা হলো, যাতে করে পাঠকগণ প্রতিবেদনে উপস্থাপিত সকল বিষয়বস্তু সবিস্তারে না দেখেই প্রকাশনাটি সম্পর্কে ধারণা লাভ করতে পারেন। উল্লেখ্য যে, নিচে সন্নিবেশিত সকল পরিসংখ্যানিক ফলাফলের প্রাসংগিক সময়কাল ২০১৭-১৮ অর্থবছর।

১. মোট বাজারজাতকৃত উদ্ভূত (মোট উৎপাদনের শতকরা হার)

ক খাদ্যশস্য

- সকল প্রকার ধানের মধ্যে উচ্চ ফলনশীল বোরোর বিপরীতে স্থূল বাজারজাতকৃত উদ্ভূত সর্বাধিক (৬৭.৮৮%), তারপরে যথাক্রমে উচ্চ ফলনশীল আউস (৬৬.৭৮%) এবং উচ্চ ফলনশীল আমনের (৫৯.৮৮%) অবস্থান।

Executive Summary

Gross Marketed Surplus (GMS) of agricultural commodities plays an important role in the economic growth of a developing country like Bangladesh. The growth of industrial as well as service sector of Bangladesh largely depends on the production as well as Gross Marketed Surplus (GMS) of the agricultural commodities.

Availability of up-to-date and comprehensive data on gross marketed surplus is vital for sound and appropriate policy formulation and decision-making related to agricultural marketing and prices as well as imports and exports.

The survey on Gross Marketed Surplus (GMS), the first-ever attempt of BBS, produced a wide range of data and information, which will, to a great extent, improve the knowledge and understanding of the existing situation on gross marketed surplus (actual sale) of the agricultural commodities (produced by farm households). The highlights appended below shows a snapshot of the key findings of the survey and are expected to provide the readers with an idea and clear understanding of this publication without having to go through the entire content. It is to be noted that the reference period for all statistical results appended below was the financial year 2017-18.

1. Gross Marketed Surplus (as % of total production)

A. Cereals

- Among all types of paddy, the Gross Marketed Surplus (GMS) was the highest (67.88 %) for High Yielding Boro, followed by High Yielding Aus (66.78%) and High Yielding Aman (59.85%) respectively. The gross

অপরদিকে স্থানীয় রোপা আউশের বিপরীতে স্থূল বাজারজাতকৃত উদ্ভূত সর্বনিম্ন (২৫.৯৯%)।

- এই গ্রুপের (এগার প্রজাতির ধান) গড় স্থূল বাজারজাতকৃত উদ্ভূত ৬৪.৫৮ শতাংশ।

খ. ডাল

- মটর ডালের জন্য স্থূল বাজারজাতকৃত উদ্ভূত সর্বোচ্চ (৮৭.০২%) এরপরে যথাক্রমে ছোলা (৮৬.২৩%) এবং খেসারির (৮৫.৬১%) অবস্থান।
- অড়হরের বিপরীতে স্থূল বাজারজাতকৃত উদ্ভূত সর্বনিম্ন (৫০.০০%)।
- এই গ্রুপের (সাত জাতের ডাল) জন্য প্রাক্কলিত গড় স্থূল বাজারজাতকৃত উদ্ভূত ৮১.১০ শতাংশ।

গ. তৈলবীজ

- স্থূল বাজারজাতকৃত উদ্ভূত সয়াবিনের বিপরীতে সর্বাধিক (৯৭.৭৩%), তারপরে যথাক্রমে চীনা বাদাম (৯৪.৩৭%) এবং তিল (৮৬.০৫%) রয়েছে। নারিকেলের জন্য স্থূল বাজারজাতকৃত উদ্ভূতের পরিমাণ সর্বনিম্ন (৬৬.৬৭%)।
- এই গ্রুপের (ছয় প্রকারের তৈলবীজ) অনুমিত গড় স্থূল বাজারজাতকৃত উদ্ভূত ৭৮.৮০ শতাংশ।

ঘ. ভুট্টা জাতীয় পণ্য

- স্থূল বাজারজাতকৃত উদ্ভূত বিবেচনায় কার্পাস তুলা প্রথম স্থানে রয়েছে। কার্পাস তুলার বাজারজাতকৃত উদ্ভূত ৯৯.৮৪ শতাংশ। অপরদিকে, পাট এবং শন পাটের স্থূল বাজারজাতকৃত উদ্ভূত যথাক্রমে দ্বিতীয় (৯৮.৭৮%) এবং তৃতীয় (৯৮.৪৩%) অবস্থানে রয়েছে।

marketed surplus was the least (25.95%) for local transplanted Aus.

- *The average gross marketed surplus for this group (eleven varieties of paddy) appeared to be 64.58 percent.*

B. Pulses

- *The gross marketed surplus was the highest (87.02%) for Pea, followed by Chickpea (86.23%) and then Khesary (85.69%) respectively. The gross marketed surplus was the least (50.00 %) for Arhar.*
- *The average gross marketed surplus for this group (seven varieties of pulses) was estimated at 81.10 percent.*

C. Oilseed

- *The gross marketed surplus appeared to be the highest (97.73 %) for Soybean, followed by Ground nuts (94.37 %) and Sesame (86.05 %) respectively. The gross marketed surplus was the least (66.67 %) for Coconut.*
- *The average gross marketed surplus for this group (six varieties of oilseed) was assessed at 78.80 percent.*

D. Fiber

- *Great silk (carpath cotton) ranked first with 99.84 percent gross marketed surplus. Jute and Sunhemp ranked second and third with 98.78 percent and 98.43 percent gross marketed surplus respectively.*
- *The average gross marketed surplus for this group (four varieties of*

- এই গ্রুপের (চার জাতের ডাল) জন্য প্রাক্কলিত গড় স্থূল বাজারজাতকৃত উদ্বৃত্ত ৯৮.৬৪ শতাংশ।

গ. সবজি

- পটলের বিপরীতে স্থূল বাজারজাতকৃত উদ্বৃত্ত সর্বাধিক (৯৫.০২%), তারপরে যথাক্রমে টমেটো (৯৪.৩১%) এবং এরপরে গাজরের (৯৩.০৬%) অবস্থান।
- এই গ্রুপের (চব্বিশ প্রকারের সবজি) জন্য প্রাক্কলিত গড় স্থূল বাজারজাতকৃত উদ্বৃত্ত ৭০.০১ শতাংশ।

চ. শাকসবজি

- লাউশাক, লালশাক এবং পালংশাকের বিপরীতে স্থূল বাজারজাতকৃত উদ্বৃত্ত যথাক্রমে ৮৯.৬৯ শতাংশ, ৮৫.৫৮ শতাংশ এবং ৮২.৮২ শতাংশ প্রাক্কলিত হয়েছে।
- এই গ্রুপের (পাঁচ জাতের শাকসবজি) জন্য গড় স্থূল বাজারজাতকৃত উদ্বৃত্ত ৭৭.১৯ শতাংশ।

ছ. মশলা

- পেঁয়াজের বিপরীতে অনুমিত স্থূল বাজারজাতকৃত উদ্বৃত্ত সর্বাধিক ৮৭.৫০%), তারপরে ধনিয়া (৮৭.৪২%) এবং রসুন (৮৫.০৪%) রয়েছে।
- এই গ্রুপের (ছয় প্রকারের মশলা) গড় স্থূল বাজারজাতকৃত উদ্বৃত্ত দাঁড়িয়েছে ৮৬.২৮ শতাংশ

জ. ফল

- প্রতিয়মান হয় যে, খেজুরের বিপরীতে স্থূল বাজারজাতকৃত উদ্বৃত্ত সর্বোচ্চ (৯৯.৫১%), তারপরে যথাক্রমে কমলা (৯৮.৮১%) এবং তরমুজ (৯৪.৯৭%) রয়েছে। অপরদিকে, কালজামের বিপরীতে স্থূল বাজারজাতকৃত

pulses) was estimated at 98.64 percent.

E. Vegetable

- The gross marketed surplus was the highest (95.02 %) for Patal, followed by Tomato (94.31%) and then Carrot (93.06 %) respectively.
- The average gross marketed surplus for this group (twenty four varieties of vegetables) pegged at 70.01 percent.

F. Leafy vegetable

- The gross marketed surplus was estimated at 89.69 percent, 85.58 percent and 82.82 percent respectively for Laushak, Red Amaranth (Lal Shak) and Bengal Spinach (Palong Shak).
- The average gross marketed surplus for this group (five varieties of vegetables) recorded at 77.19 percent.

G. Spices

- The gross marketed surplus was the highest (87.50 %) for onion, followed by coriander (87.42 %) and then garlic (85.04%) respectively.
- The average gross marketed surplus for this group (six varieties of spices) appeared to be 86.28 percent.

H. Fruit

- The gross marketed surplus seemed to be the highest (99.51%) for Date, followed by Orange (98.81 %) and Watermelon (94.97%) respectively. The gross marketed surplus was the least (33.36%) for Blackberry.

উদ্ভূত সর্বনিম্ন (৩৩.৩৬%)।

- এই গ্রুপের (একুশ ধরনের ফল) গড় স্থূল বাজারজাতকৃত উদ্ভূত দাঁড়িয়েছে ৬৯.৮২ শতাংশ।

২. প্রতি কিলোগ্রামে মধ্যবর্তী ভোগ

ক. খাদ্যশস্য

- গমের বিপরীতে প্রতি কিলোগ্রামে মধ্যবর্তী ভোগ সর্বাধিক (৭.১৫ টাকা), তারপরে যথাক্রমে হাইব্রিড বোরো (৬.৩৯ টাকা) এবং দেশি বোরো (৫.৬৬ টাকা) অপর দিকে চীনা ও কাওনের জন্য প্রতি কিলোগ্রামে মধ্যবর্তী ভোগ সর্বনিম্ন, মাত্র ৩.৫০ টাকা।
- এই গ্রুপের (এগার জাতের খাদ্যশস্য) প্রতি কিলোগ্রামে প্রাক্কলিত গড় মধ্যবর্তী ভোগ ৫.৫৪ টাকা।

খ. ডাল

- মুগ ডালের বিপরীতে মধ্যবর্তী ভোগ সর্বোচ্চ (১৩.২৫ টাকা)। ছোলা এবং মসুর ডাল যথাক্রমে ১২.৯০ টাকা এবং ১১.৪২ টাকা মধ্যবর্তী ভোগ নিয়ে দ্বিতীয় ও তৃতীয় স্থানে অবস্থান করেছে। অরহরের জন্য মধ্যবর্তী ভোগ সর্বনিম্ন, মাত্র ৩.৪০ টাকা।
- এই গ্রুপের (সাত প্রকার ডাল) গড় মধ্যবর্তী ভোগ মাত্র ৯.৪৮ টাকা।

গ. তৈলবীজ

- চীনাবাদামের বিপরীতে সর্বোচ্চ মধ্যবর্তী ভোগ (১২.৫২ টাকা) প্রতিয়মান হয়। তারপরে যথাক্রমে সূর্যমুখী (১০.৯৪ টাকা) এবং সরিষার (১০.৯০ টাকা) অবস্থান। তিলের জন্য মধ্যবর্তী ভোগ সর্বনিম্ন, মাত্র ৬.৯৮ টাকা।

- *The average gross marketed surplus for this group (twenty one varieties of fruits) was seen to be 79.82 percent.*

2. Intermediate Consumption per Kilogram (TK.)

A. Cereals

- *The intermediate consumption was the highest (TK. 7.15) for wheat and then for hybrid Boro (TK.6.39) and Desi Boro (TK. 5.66) respectively. The intermediate consumption per kilogram appeared to be the least (Tk. 3.50) for Cina/kaon.*
- *On average, the intermediate consumption for this group (eleven varieties of cereals) seemed to be TK. 5.54 only.*

B. Pulses

- *The intermediate consumption appeared to be the highest (Tk. 13.25) for green gram (Mug). The chickpea and lentil ranked the second and third with an intermediate consumption of Tk. 12.90 and Tk. 11.42 respectively. Intermediate consumption was the least for Arahar, only TK. 3.10 per kilogram.*
- *On average, the intermediate consumption for this group ((seven varieties of pulses) was estimated at TK. 9.48 only.*

C. Oilseed

- *Groundnut witnessed the highest intermediate consumption (Tk. 12.52), followed by sunflower (Tk. 10.94) and Mustard (Tk. 10.90) respectively. The intermediate consumption was the least (TK. 6.98)*

- গড়ে এই গ্রুপের (ছয় জাতের তৈলবীজ) প্রতি কিলোগ্রামে মধ্যবর্তী ভোগ প্রাক্কলন করা হয়েছে ১০.২৭ টাকা।

ঘ. তরু জাতীয় পণ্য

- কার্পাস তুলার জন্য মধ্যবর্তী ভোগ সবচেয়ে বেশি (৯.৫১ টাকা), তারপরে যথাক্রমে পাট (৭.৭৩ টাকা) এবং শনপাট (৪.২২ টাকা)। সব ধরনের তরুত মধ্যে শিমুল তুলার মধ্যবর্তী ভোগ স্বল্পতম, মাত্র ১.৬৯ টাকা।
- এই গ্রুপের (চার প্রকার তরু) অনুমিত গড় মধ্যবর্তী ভোগ ৬.৭৫ টাকা।

ঙ. সবজি

- মধ্যবর্তী ভোগ খিরাইয়ের জন্য সর্বাধিক (৭.৭৪ টাকা) প্রতিয়মান হয়। এরপরে, যথাক্রমে গাজর (৭.৬১ টাকা) এবং করলার (৬.৪১ টাকা) অবস্থান। অপরদিকে, কাঁচাকলার বিপরীতে মধ্যবর্তী ভোগ সর্বনিম্ন, মাত্র ০.০০২ টাকা।
- এই গ্রুপের (চব্বিশ প্রকার সবজি) গড় মধ্যবর্তী ভোগ ৬.৯৯ টাকা অনুমিত হয়।

চ. শাক সবজি

- প্রতি কিলোগ্রামে লালশাকের বিপরীতে মধ্যবর্তী ভোগ সর্বাধিক (৪.০৬ টাকা), তারপরে, যথাক্রমে পালংশাক (৩.৬১ টাকা) এবং লাউশাক (৩.৪৭ টাকা) রয়েছে। অপরদিকে, মধ্যবর্তী ভোগ পুঁইশাকের জন্য সর্বনিম্ন, মাত্র ১.৩৯ টাকা।
- গড়ে এই গ্রুপের (পাঁচ জাতের শাকসবজি) অনুমিত মধ্যবর্তী ভোগ মাত্র ২.৯০ টাকা।

for Sesame.

- On average, the intermediate consumption for this group (six varieties of oilseed) was estimated at TK.10.27 only.

D. Fiber

- Carpath cotton incurred the highest (TK. 9.51) intermediate consumption, followed by Jute (Tk.7.73) and Sunhemp (TK. 4.22) respectively. Among all types of fibers, Shimul cotton witnessed the least (TK.1.69) intermediate consumption.
- The intermediate consumption for this group (four varieties of pulses) was recorded at TK. 6.75 only.

E. Vegetable

- The intermediate consumption was the highest (Tk.7.78) for Khirai, followed by Carrot (Tk. 7.61) and Karalla (Tk. 6.41) respectively. Intermediate consumption was the least (Tk. 0.002) for Green banana.
- The intermediate consumption, on average, for this group (twenty four varieties of vegetables) pegged at TK.6.99 only.

F. Leafy vegetable

- The intermediate consumption per kilogram was the highest (Tk. 4.06) for Red Amaranth (lalshak), followed by Palongshak (Tk. 3.61) and Laushakh (Tk. 3.47) respectively. Intermediate consumption was the least (Tk. 1.39) for Puishak.
- On average, the intermediate consumption for this group (five varieties of vegetables) was estimated at TK. 2.90 only.

ছ. মশলা জাতীয় পণ্য

- ধনিয়া সর্বাধিক (১৩.৯০ টাকা) মধ্যবর্তী ভোগ প্রত্যক্ষ করেছে। মরিচ এবং রসুন যথাক্রমে ৮.০৬ টাকা এবং ৭.৪৮ টাকা মধ্যবর্তী ভোগ নিয়ে দ্বিতীয় ও তৃতীয় স্থানে রয়েছে।
- এই গ্রুপের (ছয় জাতের মশলা) গড় মধ্যবর্তী ভোগ ৫.৪২ টাকা নিরূপিত হয়েছে।

জ. ফল

- পেয়ারার মধ্যবর্তী ভোগ সর্বাধিক (৬.৬৪ টাকা), তারপরে যথাক্রমে খেজুর (৫.৬৬ টাকা) এবং কমলা (৩.০৬ টাকা) রয়েছে।
- এই গ্রুপের (একুশ জাতের ফল) গড়ে মধ্যবর্তী ভোগের পরিমাণ মাত্র ৩.১৮ টাকা।

৩. প্রতি কিলোগ্রামে স্থূল মূল্য সংযোজন

ক. খাদ্যশস্য

- দেশি বোনা আউশের বিপরীতে স্থূল মূল্য সংযোজন সর্বাধিক (১২.৮৯ টাকা)। এরপরে যথাক্রমে চীনা/কাওন (১২.৮৮ টাকা) এবং দেশি বোনা আমনের অবস্থান (১২.৬৮ টাকা)। অপরদিকে, বার্লির বিপরীতে স্থূল মূল্য সংযোজনের পরিমাণ সর্বনিম্ন (৯.৪১ টাকা)।
- গড়ে, এই গ্রুপের (এগার জাতের খাদ্যশস্য) বিপরীতে স্থূল মূল্য সংযোজন ১০.৯৪ টাকা।

খ. ডাল

- মসুর ডালের বিপরীতে স্থূল মূল্য সংযোজন সর্বোচ্চ (৪০.৭১ টাকা)। তারপরে, যথাক্রমে মুগ (৩৯.৪৬ টাকা) এবং মাশকলাই (৩৬.৩৭ টাকা) রয়েছে। অপরদিকে, অরহরের বিপরীতে স্থূল মূল্য সংযোজনের পরিমাণ সর্বনিম্ন (২৫.৯০ টাকা) বলে প্রতিয়মান হয়।
- এই গ্রুপের গড় স্থূল মূল্য সংযোজন দাঁড়িয়েছে ৩৬.০৯ টাকা।

G. Spices

- Coriander witnessed the highest (TK. 13.90) intermediate consumption. The Chili and Garlic ranked second and third with an intermediate consumption of Tk. 8.06 and Tk. 7.48 respectively.
- Average intermediate consumption for this group (six varieties of spices) appeared to be Tk. 5.42 only.

H. Fruit

- The intermediate consumption was maximal (TK. 6.64) for Guava, followed by Date (TK. 5.66) and Orange (TK. 3.06) respectively.
- Average intermediate for this group (twenty one varieties of fruits) appeared to be Tk. 3.18 only.

3. Gross Value Added per Kilogram (TK.)

A. Cereals

- The gross value added appeared to be the highest (Tk. 12.89) for Desi Bona Aus, followed by Chena/kaon (Tk. 12.88) and then Desi Bona Amman (Tk. 12.68), respectively. The gross value added was the least (Tk. 9.41) for Barley.
- On average, the gross value added for this group (eleven varieties of cereals) was recorded at TK. 10.94 only.

B. Pulses

- The gross value added was the highest (Tk. 40.71) for lentil, followed by green gram (Tk. 39.46) and Mashkalai (Tk. 36.37) respectively. The gross value added seemed to be the least (Tk. 25.90) for Arahar.
- The gross value added, on average, for this group was documented at Tk. 36.09 only.

গ. তৈলবীজ

- সর্বোচ্চ স্থূল মূল্য সংযোজন (৩৯.০৬ টাকা) সূর্যমুখীর বিপরীতে অনুমিত হয়। তারপরে, যথাক্রমে তিল (৩৮.৯৮ টাকা) এবং চীনা বাদাম (৩৬.৬০ টাকা) রয়েছে।
- গড়ে, এই গ্রুপের জন্য স্থূল মূল্য সংযোজন ২৮.২৫ টাকা।

ঘ. তরু

- প্রাক্কলিত স্থূল মূল্য সংযোজন কার্পাশ তুলার বিপরীতে ৪৮.৭৬ টাকা। তারপরে, যথাক্রমে শিমুল তুলা (৩৫.২০ টাকা) এবং শনপাটের (৩২.৩৪ টাকা) অবস্থান।
- এই গ্রুপের জন্য প্রাক্কলিত গড় স্থূল মূল্য সংযোজনের পরিমাণ টাকা ৪৩.৫১ মাত্র।

ঙ. সবজি

- কাঁচাকলার বিপরীতে স্থূল মূল্য সংযোজন সর্বাধিক (৩২.০০ টাকা)। তারপরে, যথাক্রমে বরবতি (২৮.১৬ টাকা) এবং গাজরের (২৫.৪৩ টাকা) অবস্থান। আলুর জন্য স্থূল মূল্য সংযোজন সর্বনিম্ন, মাত্র ৭.১০ টাকা।
- এই গ্রুপের (চব্বিশ জাতের সবজি) বিপরীতে স্থূল মূল্য সংযোজনের পরিমাণ ১৫.০৯ টাকা।

চ. শাক সবজি

- লালশাকের বিপরীতে স্থূল মূল্য সংযোজন সর্বোচ্চ (১২.২৭ টাকা)। পরবর্তীতে, লাউশাক (১২.০৫ টাকা) এবং পালংশাকের (১১.৬৫ টাকা) অবস্থান।
- গড়ে, এই গ্রুপের (পাঁচ প্রজাতির শাকসবজি) স্থূল মূল্য সংযোজন ১১.৩০ টাকা প্রাক্কলিত হয়েছে।

C. Oilseed

- *The gross value added was the highest (Tk.39.06) for sunflower, followed by Sesame (Tk. 38.98) and then Groundnut (Tk.36.60) respectively. The gross value added was the least (Tk. 20.62) for soybean.*
- *On average, the gross value added for this group was estimated at TK. 28.25 only.*

D. Fiber

- *The gross value added seemed to be the highest (TK. 48.76) for Carpash cotton, followed by and Simul cotton (TK.35.20) and Sunhemp (TK.32.34) respectively.*
- *The average gross value added for this group (four varieties of pulses) was found to be Tk. 43.51 only*

E. Vegetable

- *The highest gross value was reported to be Tk. 32.00 for Green Banana, followed by Barbati (TK. 28.16) and Carrot (TK.25.43) respectively. The lowest (TK. 7.10) gross value added was recorded for Potato.*
- *The gross value added for this group (twenty four varieties of vegetables) was recorded at Tk. 15.09 only.*

F. Leafy vegetable

- *The gross value added was the highest (TK. 12.27) for Lalshak, followed by Laushak (TK. 12. 05) and Palongshak (TK.11.65) respectively.*
- *On average, the gross value added for this group (five varieties of vegetables) was found to be Tk. 11.30 only.*

ছ. মশলা জাতীয় পণ্য

- আদার বিপরীতে স্থূল মূল্য সংযোজন সর্বাধিক (৩৯.৩০ টাকা)। এরপর, যথাক্রমে ধনিয়া (৩৪.৭৯ টাকা) এবং মরিচের (২৭.৭৩ টাকা) অবস্থান। সর্বনিম্ন স্থূল মূল্য সংযোজন (১৭.৭৯ টাকা) পেঁয়াজের বিপরীতে প্রাক্কলিত হয়েছে।
- এই গ্রুপের (ছয় প্রকারের মশলা) জন্য অনুমিত গড় স্থূল মূল্য সংযোজন ১৯.৯৪ টাকা।

জ. ফল

- তেঁতুলের বিপরীতে স্থূল মূল্য সংযোজন সর্বাধিক (৩৮.২৬ টাকা)। তারপরে, যথাক্রমে কালজাম (৩৭.৯৮ টাকা) এবং পেয়ারা (৩৬.০৬ টাকা) রয়েছে।
- এই গ্রুপের সকল প্রকার ফল একত্রে বিবেচনা করলে, এই গ্রুপের স্থূল মূল্য সংযোজন ২৩.৮৪ টাকা।

৪. প্রতি কিলোগ্রামে মিশ্র আয়

ক. খাদ্যশস্য

- চিনা/কাউনের জন্য মিশ্র আয় সর্বাধিক (১০.৬৯ টাকা) তারপরে, যথাক্রমে গম (৯.০১ টাকা) এবং দেশি বোনা আমনের (৮.৯৩ টাকা) অবস্থান। মিশ্র আয়, হাইব্রিড বোরোর জন্য সর্বনিম্ন, মাত্র ৬.২৪ টাকা।
- গড়ে, এই গ্রুপের জন্য মিশ্র আয় ৭.৬৭ টাকা অনুমিত হয়েছে।

খ. ডাল

- মসুর ডালের বিপরীতে মিশ্র আয় সর্বাধিক (৩৪.১৬ টাকা)। তারপরে, মুগ ও মাশকলাই যথাক্রমে ৩৪.০৭ টাকা এবং ২৮.৬৫ টাকা মিশ্র আয় নিয়ে দ্বিতীয় ও তৃতীয় স্থানে অবস্থান করছে।

G. Spices

- *The gross value added was the highest (TK.39.30) for Ginger, followed by Coriande (TK. 34.79) and Chili (TK. 27.73) respectively.*
- *The gross value added was seen to be the lowest (TK. 17.79) for Onion. The average gross value added for this group (six varieties of spices) was found to be TK. 19.94 only.*

H. Fruit

- *The highest (TK.38.26) gross value added was recorded for Tetul, followed by Blackberry (TK.37.98) and Guava (TK. 36.06).*
- *Considering all the fruits of this group together, the average gross value added was estimated at TK. 23.84 only.*

9. Mixed Income per Kilogram (TK.)

A. Cereals

- *The mixed income was the highest (TK.10.69) for Chena/Kaon, followed by Wheat (TK.9.01) and Desi Bona Aman (TK. 8. 93) respectively. Mixed-income was seen to be the least (TK. 6.24) for Hybrid Boro.*
- *On average, the mixed income for this group was estimated at TK. 7.67 only.*

b. Pulses

- *The mixed income was the highest (TK. 34.16) for Lentil. The Green Gram (mug) and Mashkalai ranked the second and third with mixed-income of TK 34.07 and Tk. 28.65, respectively.*

- এই গ্রুপের জন্য গড় মিশ্র আয় ২৯.৯৭ টাকা অনুমিত হয়েছে।

গ. তৈল বীজ

- মিশ্র আয় সূর্যমুখীর বিপরীতে সর্বাধিক (৩৩.৩৫ টাকা)। দ্বিতীয় ও তৃতীয় সর্বোচ্চ মিশ্র আয় যথাক্রমে তিল (৩০.৬৭ টাকা) এবং চীনা বাদামের (২৬.৪৯ টাকা) জন্য প্রতিয়মান হয়। অপরদিকে, মিশ্র আয় সয়াবিনের জন্য সর্বনিম্ন, মাত্র ১৫.৮৭ টাকা।
- গড়ে, এই গ্রুপের জন্য মিশ্র আয় ২১.০৯ টাকা প্রাক্কলিত হয়েছে।

ঘ. তরু

- কার্পাশ তুলার বিপরীতে মিশ্র আয় সর্বাধিক (৪১.৭৯ টাকা)। এরপরে, যথাক্রমে শিমুল তুলা (৩০.৩৯ টাকা) এবং শনপাট (২২.৮৫ টাকা) রয়েছে।
- এই গ্রুপের গড় মিশ্র আয় ৩৭.১৬ টাকা পরিলক্ষিত হয়েছে।

ঙ. সবজি

- কচা কলা সর্বাধিক মিশ্র আয় (৩১.৯৯ টাকা) প্রত্যক্ষ করেছে। তারপরে, যথাক্রমে বরবটি (২৭.১৯ টাকা) এবং খিরাই (২২.১৭ টাকা) এর অবস্থান। অপরদিকে, আলুর বিপরীতে মিশ্র আয় সর্বনিম্ন, মাত্র ৫.৯৫ টাকা।
- এই গ্রুপের বিপরীতে অনুমিত গড় মিশ্র আয় দাঁড়িয়েছে ১৭.৮১ টাকা মাত্র।

চ. শাকসবজি

- লাউশাকের বিপরীতে মিশ্র আয় সর্বাধিক (১১.৬০ টাকা)। তারপরে, যথাক্রমে ডাটাশাক

- *The average mixed income for this group was appeared to be TK. 29.97 only.*

c. Oilseed

- *The mixed income seemed to be the highest (Tk. 33.35) for Sunflower. The second and third highest was recorded at Tk. 30.67 and TK. 26.49 for Sesame and Groundnuts respectively. The mixed-income was the least (TK. 15.87) for Soybean.*
- *On average, the mixed income for this group was pegged at TK. 21.09 only.*

d. Fiber

- *The mixed income was the highest (Tk.41.79) for Carpath cotton, followed by Simul cotton (Tk. 30.39) and then Shanpat (TK. 22.85) respectively.*
- *The average mixed income for this group appeared to be Tk. 37.16 only.*

e. Vegetable

- *The Green Banana (kanchkala) experienced the highest (TK.31.99) mixed income, followed by Long Bean/Barbate (TK. 27.19) and Khirai (TK. 22.17) respectively. The mixed income was minimal (TK. 5.95) for Potato.*
- *On average, the mixed-income for this group was recorded at TK. 17.81 only.*

f. Leafy vegetable

- *The mixed income was the highest (TK. 11.60) for Lausakh, followed by*

(১০.৯০ টাকা) ও লালশাক (১০.৮৫ টাকা) এর অবস্থান। অপরদিকে, মিশ্র আয় পুঁই শাকের জন্য সর্বনিম্ন, মাত্র ৯.৪৪ টাকা।

- গড়ে, এই গ্রুপের জন্য প্রাক্কলিত মিশ্র আয় ১০.৪৪ টাকা মাত্র।

ছ. মশলা

- আদা সর্বোচ্চ মিশ্র আয় (৩৮.০১ টাকা) প্রত্যক্ষ করেছে। তারপরে, যথাক্রমে ধনিয়া (২৩.৭৮ টাকা) এবং মরিচের (২২.১৯ টাকা) অবস্থান।
- এই গ্রুপ গড় অনুমিত মিশ্র আয় ১৬.৬৫ টাকা মাত্র।

জ. ফল

- মিশ্র আয় কালজামের জন্য সর্বাধিক (৩৭.৫৮ টাকা)। অপরদিকে, তেঁতুল এবং পেয়ারা যথাক্রমে ৩৬.৪৬ টাকা এবং ৩৪.৭৭ টাকা মিশ্র আয় নিয়ে দ্বিতীয় ও তৃতীয় স্থানে অবস্থান করেছে।
- গড়ে, এই গ্রুপের মিশ্র আয় ২২.৬৯ টাকা প্রাক্কলিত হয়েছে।

৫. প্রতি কিলোগ্রামে শ্রম মজুরি (ভাড়া করা শ্রমিক)

ক. খাদ্যশস্য

- দেশি বোনা আউশের জন্য শ্রম মজুরি সর্বাধিক (৪.০০ টাকা)। তারপরে, যথাক্রমে দেশি বোনা আমন (৩.৭৫ টাকা) এবং উচ্চফলনশীল আমন (৩.৭৩ টাকা) অপরদিকে, ভুট্টা/কর্নের বিপরীতে শ্রমমজুরি সর্বনিম্ন, মাত্র ১.৭৬ টাকা।
- এই গ্রুপের জন্য গড় শ্রমমজুরি প্রাক্কলিত হয়েছে ৩.২৭ টাকা মাত্র।

Danta (Tk.10.90) and Lalsakh (TK. 10.85) respectively. The mixed-income was the least (TK.9.44) for Puishak.

- *On average, the mixed income for this group was estimated TK. 10.44 only.*

g. Spices

- The Ginger witnessed the highest (TK. 38.01) mixed income, followed by Coriander (TK.23.78) and Chili (TK. 22.19) respectively.
- The average mixed income for this group appeared to be TK. 16.65 only.

h. Fruit

- *The mixed income was the highest (TK.37.58) for Blackberry. The Tamarind (tetul) and Guava ranked the second and third with a mixed-income of TK. 36.46 and TK. 34.77 respectively.*
- *On average, the mixed income for this group was estimated at TK. 22.69 only.*

10. Compensation of Employees per Kilogram (TK.)

A. Cereals

- *The compensation of employees was the highest (TK. 4.00) for Desi Bona Aus, followed by Desi Bona Aman (TK.3.75) and High yielding Aman (TK.3.73) respectively. The compensation of employees was the least (TK. 1.76) for Maize/Corn.*
- *The average compensation of employees for this group was seen to be TK. 3.27 only.*

খ. ডাল

- মাশকলাইয়ের জন্য নিরূপিত শ্রম মজুরি সর্বোচ্চ (৭.৭২ টাকা) ছোলা এবং মসুরের ডাল যথাক্রমে ৭.০৪ টাকা এবং ৬.৫৫ টাকা শ্রমমজুরি নিয়ে দ্বিতীয় ও তৃতীয় স্থানে অবস্থান করছে।
- গড়ে এই গ্রুপের বিপরীতে শ্রমমজুরি ৬.১২ টাকা অনুমিত হয়েছে।

গ. তৈলবীজ

- চীনাবাদামের বিপরীতে শ্রম মজুরি সর্বোচ্চ (১০.১১ টাকা)। অপরদিকে, সয়াবিনের বিপরীতে শ্রম মজুরি সবচেয়ে কম, মাত্র ৪.৭৬ টাকা।
- এই গ্রুপের জন্য গড় শ্রম মজুরি প্রাক্কলিত হয়েছে ৭.০৬ টাকা মাত্র।

ঘ. তুলা

- অনুমিত শ্রম মজুরি পাটের বিপরীতে সর্বাধিক (১০.৬৩ টাকা)। তারপরে, যথাক্রমে শনপাট (৯.৫০ টাকা) এবং কার্পাশ তুলা (৬.৯৮ টাকা) রয়েছে। শিমুল তুলা সর্বনিম্ন শ্রম মজুরি (৪.৮১ টাকা) প্রত্যক্ষ করে।
- গড়ে, গ্রুপের জন্য শ্রম মজুরি ৬.৩৬ টাকা নিরূপিত হয়েছে।

ঙ. সবজি

- গাজরের বিপরীতে শ্রম মজুরি সর্বাধিক (৪.৪১ টাকা) এবং কাঁচাকলার বিপরীতে শ্রম মজুরি সর্বনিম্ন, মাত্র ০.০১ টাকা।

B. Pulses

- *The compensation of employees appeared to be the highest (TK.7.72) for Mashkalai. Chickpea and Lentil ranked second and third with compensation of employees of TK. 7.04 and TK. 6.55 respectively.*
- *On average, the compensation of employees for this group was found to be TK. 6.12 only.*

C. Oilseed

- *The compensation of employees appeared to be the highest (TK.10.11) for Groundnut, while the compensation of employees was the least (TK. 4.76) for the soybean.*
- *The compensation of employees, on an average, for this group was estimated at TK. 7.06 only.*

d. Fiber

- *The compensation of employees was the highest (TK.10.63) for Jute, followed by Shanpat (TK.9.50) and Carpash cotton (TK.6.98) respectively. Simul cotton witnessed the least (TK.4.81) compensation of employees.*
- *On an average, the compensation of employees for this group was recorded at TK. 6.36 only.*

E. Vegetable

- *The compensation of employees was the maximum (TK.4.41) for Carrot and the least (TK. 0.01) for Green*

- এই গ্রুপের বিপরীতে শ্রম মজুরি গড়ে ২.৬১ টাকা অনুমিত হয়েছে।

চ. শাক সবজি

- লালশাকের বিপরীতে অনুমিত শ্রম মজুরি সর্বোচ্চ (১.৪২ টাকা) অপরদিকে পালংশাক এবং পুইশাক যথাক্রমে ১.৩৯ টাকা ও ০.৬৫ টাকা শ্রম মজুরি নিয়ে দ্বিতীয় ও তৃতীয় অবস্থানে রয়েছে।
- এই গ্রুপের বিপরীতে অনুমিত গড় শ্রম মজুরি ০.৪৬ টাকা মাত্র।

ছ. মশলা

- ধনিয়ার জন্য শ্রম মজুরি সর্বাধিক (১১.০১ টাকা) এবং আদার বিপরীতে শ্রম মজুরি সর্বনিম্ন, মাত্র ১.৩০ টাকা।
- এই গ্রুপের জন্য শ্রম মজুরি গড়ে ৩.২৯ টাকা অনুমিত হয়েছে।

জ. ফল

- খেজুরের বিপরীতে শ্রম মজুরি সর্বোচ্চ (৮.৯৯ টাকা)। তারপরে, যথাক্রমে কমলা (২.০১ টাকা) এবং তেঁতুলের (১.৮০ টাকা) অবস্থান।
- গড়ে, এই গ্রুপের বিপরীতে শ্রম মজুরির পরিমাণ ১.১৫ টাকা।

Banana (kanchanala).

- *The average compensation of employees for this group was estimated at TK. 2.61 only.*

F. Leafy vegetable

- *The compensation of employees was the highest (Tk.1.42) for Lalsakh. Palong Shak and Puishak ranked second and third with a compensation of employees of TK. 1.39 and TK. 0.65 respectively.*
- *The compensation of employees, on an average, for this group was estimated at TK. 0.46 only.*

G. Spices

- *The compensation of employees was the maximum (TK.11.01) for Coriander and the least (TK.1.30) for Ginger.*
- *The compensation of employees for this group, on average, was found to be TK. 3.29 only.*

H. Fruit

- *The compensation of employees appeared to be the highest (TK. 8.99), followed by Orange (TK. 2.01) and Tetul (TK. 1.80) respectively.*
- *On average, the compensation of employees for this group appeared to be TK. 1.15 only.*

প্রথম অধ্যায়

CHAPTER I



ভূমিকা

INTRODUCTION



প্রথম অধ্যায়

ভূমিকা

পটভূমি

বাংলাদেশ একটি কৃষি প্রধান দেশ। বাংলাদেশ গত কয়েক দশক ধরে কৃষি নির্ভর অর্থনীতি থেকে ধীরে ধীরে সেবা ও শিল্প নির্ভর অর্থনীতির দিকে অগ্রসর হচ্ছে। ফল স্বরূপ, স্থূল দেশজ উৎপাদে (gross domestic product) কৃষি খাতের অবদান ক্রমাগত হ্রাস পাচ্ছে, তথাপি এ খাতটি দেশের অর্থনীতিতে উল্লেখযোগ্য অবদানসহ প্রায় ৪১ শতাংশ শ্রমজীবী মানুষের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করেছে। এটিও লক্ষ্যণীয় যে, দেশ স্বাধীন হবার পর থেকে কৃষিখাত (agriculture sector) ফসল উৎপাদনের ক্ষেত্রে অসাধারণ প্রবৃদ্ধি অর্জন করেছে। একই সাথে, দেশে বন্যা, খরা, ঘূর্ণিঝড় ইত্যাদির মতো প্রাকৃতিক দুর্যোগ পৌনঃপুনিকভাবে ঘটা সত্ত্বেও; ফলমূল, শাকসবজি এবং অন্যান্য কৃষিপণ্যের উৎপাদনে উল্লেখযোগ্য প্রবৃদ্ধি অর্জিত হয়েছে।

কৃষি খানা কর্তৃক উৎপাদিত কৃষি পণ্যের সবটাই বাজারে বিক্রয় করা হয় না; এক্ষেত্রে দেশের অন্যান্য অর্থনৈতিক খাতের (economic sector) সাথে কৃষিখাতের ভিন্নতা রয়েছে। একজন কৃষক সাধারণত তার পরিবারের প্রয়োজন মেটানোর পর অবশিষ্ট কৃষিপণ্য বাজারে বিক্রয় করে থাকেন। কৃষিখানা কর্তৃক উৎপাদিত কৃষিপণ্যের মধ্যে বাজারে বিক্রয়কৃত কৃষি পণ্যের প্রকৃত পরিমাণকে স্থূল বাজারজাতকৃত উদ্বৃত্ত (gross marketed surplus) হিসাবে সংজ্ঞায়িত করা হয়ে থাকে। এক্ষেত্রে কৃষকের প্রয়োজনীয়তার বিষয়টি (কৃষিখানার ভোগ, বীজ, শ্রমিকের মজুরি হিসেবে প্রদত্ত কৃষিপণ্য, সামাজিক বা ধর্মীয় কারণে অনুদান) বিবেচনায় আনা হয় না। প্রকৃতপক্ষে, অকৃষি খানার লক্ষ লক্ষ মানুষ স্থূল বাজারজাতকৃত উদ্বৃত্ত (gross

Chapter I Introduction

Background

Bangladesh is predominantly an agricultural country. Bangladesh has been transforming steadily from an agrarian economy to a service and industrial economy over the last few decades. As a consequence, the contribution of the agriculture sector to Gross Domestic Product (GDP) has been decreasing steadily, even though; still this sector contributes a significant share to the nation's economy and provides employment for around 41 percent of the population. It is also to be noted that the agriculture sector has achieved tremendous growth in production of crops after independence of Bangladesh. At the same time, remarkable growth has also been achieved in production of fruits, vegetables and other agricultural commodities in spite of recurrent natural calamities such as flood, cyclone, drought etc. in the country.

Unlike in other sectors of the country, all the agricultural commodities produced by farm households are not sold in the market. A farmer generally sells agricultural commodities after meeting his/her family requirements. Gross Marketed Surplus (GMS) is defined as the actual amount of agricultural commodities (produced by farm households) sold in the market irrespective of farmers' requirements for family consumption, seeds, payment to labours in kind and social and religious payments. In fact, millions of people of non- agricultural households collect their food and other

marketed surplus) থেকে তাদের খাদ্য এবং অন্যান্য প্রয়োজনীয় কৃষি পণ্য সংগ্রহ করে থাকেন।

বাংলাদেশের মতো উন্নয়নশীল দেশের (যেখানে কৃষিকাজ প্রচুর সংখ্যক মানুষের আয়ের উল্লেখযোগ্য একটি অংশ) অর্থনৈতিক প্রবৃদ্ধিতে কৃষি পণ্যের স্থূল বাজারজাতকৃত উদ্ভূত (gross marketed surplus) একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। বাংলাদেশের মতো দ্রুত বর্ধনশীল অর্থনীতিতে শিল্প এবং সেবা খাতের প্রবৃদ্ধিও মূলত কৃষি পণ্যের উৎপাদন এবং স্থূল বাজারজাতকৃত উদ্ভূতের (gross marketed surplus) উপর নির্ভরশীল।

এটি বিশেষভাবে স্বীকৃত যে, বাজারজাতকৃত উদ্ভূত (marketed surplus) অপরিাপ্ত হলে দেশটি আমদানি করতে বাধ্য হয়, যা কোন দেশের বাণিজ্য ভারসাম্যের হ্রাস ঘটায়। কৃষি বিপণন ও মূল্য (agriculture marketing and prices) এবং আমদানি ও রপ্তানির ক্ষেত্রে যথাযথ রাষ্ট্রীয় নীতি নির্ধারণের জন্য (appropriate policy formulation) স্থূল বাজারজাতকৃত উদ্ভূত (gross marketed surplus) সংশ্লিষ্ট সময়োপযোগী ও বিস্তৃত তথ্যের প্রাপ্যতা অত্যন্ত প্রয়োজনীয়। তাছাড়া, বাণিজ্য খাতের (trade sector) স্থূল মূল্য সংযোজনের (gross value added) প্রবৃদ্ধিকে বেগবান করতে কৃষিপণ্যের বাজারজাতকৃত উদ্ভূত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। স্থূল বাজারজাতকৃত উদ্ভূতের (gross marketed surplus) আকার বৃদ্ধি পেলে বাণিজ্য খাতের (trade sector) স্থূল মূল্য সংযোজনের পরিমাণও বৃদ্ধি পায়।

essential agricultural commodities from the Gross Marketed Surplus (GMS).

Gross Marketed Surplus (GMS) of agricultural commodities plays an important role in the economic growth of a developing country like Bangladesh, where agriculture is a significant source of income for a large number of people. In a fast growing economy like Bangladesh, the growth of industrial as well as service sector largely depends on the production as well as Gross Marketed Surplus (GMS) of the agricultural commodities.

It is also well recognized that if the marketed surplus is inadequate, the country is compelled to import which directly reduces a nation's balance of trade. Availability of up-to-date and comprehensive data on gross marketed surplus is vital for sound and appropriate policy formulation with respect to agricultural marketing and prices, imports and exports. Besides, the marketed surplus of agricultural commodities plays an important role in accelerating the growth of the trade sector. The larger the gross marketed surplus, the larger the volume of gross value added in trade sector.

বর্তমানে, বাণিজ্য খাতের (trade sector) স্থূল মূল্য সংযোজন প্রাক্কলনে (estimate), বিবিএস (BBS) কৃষিপণ্যের স্থূল বাজারজাতকৃত উদ্বৃত্ত (gross marketed surplus) সংশ্লিষ্ট বিভিন্ন প্রকার হার (rate), অনুপাত (ratio) এবং সহগ (coefficient) ব্যবহার করে থাকে। এই সমস্ত হার, অনুপাত এবং সহগ, ১৯৯০ দশকের গোড়ার দিকে সীমিত আকারে পরিচালিত একটি জরিপ থেকে পাওয়া গিয়েছিল; যা সময়ের সাথে সাথে অনেকটাই পুরান হয়ে পড়ায় এখনকার প্রকৃত পরিস্থিতি প্রতিফলিত করতে পারে না। এর অন্যতম কারণ হলো, গত কয়েক দশক ধরে বাংলাদেশের কৃষিক্ষেত্রে উল্লেখযোগ্য রূপান্তর ঘটে যাচ্ছে। বিভিন্ন গবেষক কর্তৃক অতীতে স্থূল বাজারজাতকৃত উদ্বৃত্তের (gross marketed surplus) উপর কয়েকটি ছোট ছোট সমীক্ষা (study) পরিচালিত হলেও, এসকল সমীক্ষার (study) পরিধি (scope) এবং অন্তর্ভুক্তি (coverage) গুটিকয়েক কৃষিপণ্য, যেমন ধান এবং গমের মধ্যে সীমাবদ্ধ ছিল। অধিকন্তু, নমুনা আকার (Sample size) ছোট হওয়ায় এবং একইসাথে উদ্দেশ্য প্রণোদিতভাবে সমীক্ষা এলাকা নির্বাচনের (purposive selection of the study area) কারণে সমীক্ষার ফলাফলসমূহ জাতীয় পর্যায়ে প্রতিনিধিত্বশীল ছিলনা। ফলস্বরূপ, কৃষি খানা কর্তৃক উৎপাদিত কৃষি পণ্যসমূহের স্থূল বাজারজাতকৃত উদ্বৃত্ত (gross marketed surplus) সংশ্লিষ্ট সরকারি পরিসংখ্যান কার্যত অস্তিত্বহীন।

একই ভাবে, সাম্প্রতিক (up to date) ও বিস্তৃত তথ্যভান্ডারের (database) অভাবে, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কৃষি খাতের স্থূল মূল্য সংযোজন (gross value added) নিরূপণের (estimate) জন্য বিভিন্ন পুরানো হার (rate), অনুপাত (ratio) ব্যবহার করে আসছে- যা মানসম্পন্ন জিডিপি প্রাক্কলনের উপর নেতিবাচক প্রভাব ফেলছে। এরূপ একটি

Currently, for estimating Gross Value Added (GVA) of the trade sector, BBS uses different rates, ratios and coefficients related to the marketed surplus of agricultural commodities. All these rates, ratios and coefficients were obtained from a survey conducted in the early 1990s that have become very much obsolete with the passage of time, and cannot reflect the real situation because of the fact that Bangladesh agriculture has undergone a significant transformation during the last couple of decades. Several small studies on gross marketed surplus were done in the past by researchers, but the scope and coverage of the studies were rather limited to few agricultural commodities such as rice (paddy) and wheat. Moreover, the findings of the survey were not nationally representative due to inadequate sample size and purposive selection of the study area. As a consequence, at present, official statistics on gross marketed surplus of agricultural commodities produced by the farm households is virtually non-existence.

Similarly, for lack of an up-to-date and comprehensive database, Bangladesh Bureau of Statistics (BBS) is compelled to use different outdated rates and ratios for estimating gross value added of the agricultural sector, which has a negative

যৌক্তিক কারণে, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোতে নিয়োজিত জাতীয় হিসাব সংকলনকারীগণ (national account compilers) সকল কৃষিপণ্যের স্থূল বাজারজাতকৃত উদ্বৃত্ত (gross marketed surplus), কৃষি পণ্যের সংরক্ষণ (farm retention), মধ্যবর্তী ভোগ (intermediate consumption) এবং স্থূল মূল্য সংযোজনের (gross value added) আকার, প্যাটার্ন (pattern) এবং গতিপ্রকৃতি সম্পর্কিত সাম্প্রতিক তথ্যভান্ডারের (up-to-date database) প্রয়োজনীয়তা অনুভব করে আসছিলেন। এরূপ দাবির মূল লক্ষ্য ছিল বিস্তৃত অন্তর্ভুক্তি (wider coverage) এবং অধিকতর উন্নত পদ্ধতিতে (improved methodology) জিডিপি (GDP) নিরূপণ করা।

এরূপ একটি পটভূমিতে, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো সকল কৃষি পণ্যের স্থূল বাজারজাতকৃত উদ্বৃত্ত (gross marketed surplus), কৃষি খানা কর্তৃক সংরক্ষণ (retention), মধ্যবর্তী ভোগ (intermediate consumption) এবং স্থূল মূল্য সংযোজনের আকার, গতিপ্রকৃতি (trend) এবং প্যাটার্ন সম্পর্কিত একটি নির্ভরযোগ্য ও হালনাগাদ তথ্যভান্ডার (up-to-date database) তৈরির নিমিত্ত দেশব্যাপী একটি জরিপ পরিচালনার উদ্যোগ গ্রহণ করে। আশা করা হচ্ছে, এই জরিপ হতে প্রাপ্ত ফলাফলসমূহ; কৃষিপণ্যের স্থূল বাজারজাতকৃত উদ্বৃত্ত, কৃষি খানা কর্তৃক সংরক্ষণ (farm retention), মধ্যবর্তী ভোগ (intermediate consumption) এবং স্থূল মূল্য সংযোজন সম্পর্কিত বিদ্যমান তথ্য ঘাটতি (existing data gaps) হ্রাস করতে সক্ষম হবে। এখানে উল্লেখ করা প্রয়োজন যে, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক এ ধরনের জরিপ পরিচালনার এটিই প্রথম প্রয়াস।

impact on the quality of GDP estimate. For this logical reason, there has been a persistent demand of the national account compilers at Bangladesh Bureau of Statistics (BBS) to generate an up-to-date database on volume, pattern and trend related to gross marketed surplus, farm retention, intermediate consumption and gross value added of all types of agricultural commodities. The main goal of this demand was to estimate GDP with wider coverage and improved methodology.

Against this backdrop, Bangladesh Bureau of Statistics planned to undertake a nation-wide survey to create a reliable and up-to-date database in relation to volume, trend and pattern of gross marketed surplus, farm retention, intermediate consumption and gross value added related to almost all agricultural commodities. It is expected that the findings available from this survey would be able to mitigate existing data gaps in relation to gross marketed surplus, farm retention, intermediate consumption and value added of agricultural commodities produced by farm households. It should be pointed out that this survey is the first of its type in Bangladesh Bureau of Statistics.

১.১ প্রতিবেদনটির কাঠামো

এই প্রতিবেদনটিতে জরিপ থেকে প্রাপ্ত ফলাফলের একটি সাধারণ পর্যালোচনা উপস্থাপিত হয়েছে। প্রতিবেদনটি সাতটি অধ্যায় এবং একটি পরিশিষ্ট সারণি (appendix table) সমন্বয়ে গঠিত। প্রথম অধ্যায়টি জরিপের পটভূমি এবং উদ্দেশ্যসমূহ ব্যাখ্যা করে, দ্বিতীয় অধ্যায়টি আন্তর্জাতিক দিকনির্দেশনার আলোকে, বিশেষত ২০০৮ এসএনএ তে (2008 SNA) বর্ণিত নির্দেশিকাসমূহের অনুসরণে, জরিপ পদ্ধতি এবং এর ধারণাগত কাঠামোর (conceptual framework) সংক্ষিপ্তসার উপস্থাপন করে। প্রতিবেদনটির অবশিষ্টাংশ এসকল পদ্ধতি এবং ধারণাগত কাঠামোর উপর দন্ডায়মান। তৃতীয় অধ্যায়ে আউটপুট, মধ্যবর্তী ভোগ (intermediate consumption) এবং মূল্য সংযোজন পরিমাপের কৌশল সংশ্লিষ্ট বিভিন্ন পারিভাষিক শব্দাবলী (terminologies), যা এই প্রতিবেদনে ব্যবহৃত হয়েছে, তার প্রাথমিক জ্ঞানের (basic knowledge) রূপরেখা তুলে ধরা হয়েছে। চতুর্থ অধ্যায়টি কৃষিখানা কর্তৃক সংরক্ষণের (retention) পরিমাণ এবং স্থূল বাজারজাতকৃত উদ্বৃত্ত (gross marketed surplus) সংশ্লিষ্ট জরিপ ফলাফলসমূহ উপস্থাপন করেছে। পঞ্চম অধ্যায়ে কৃষি পণ্য উৎপাদনের সাথে সংশ্লিষ্ট মধ্যবর্তী ভোগ (intermediate consumption) এবং মূল্য সংযোজন তথ্যাদি সন্নিবেশিত হয়েছে। ষষ্ঠ অধ্যায়ে শ্রম ব্যয় এবং মিশ্র আয়ের তথ্য উপস্থাপন করা হয়েছে। সপ্তম অধ্যায়টিতে নমুনা পরিবারের পার্শ্বচিত্র (profile of sample household) উপস্থাপিত হয়েছে।

প্রতিবেদনটির শেষে একটি পরিশিষ্ট সারণি (appendix table) সংযুক্ত করা হয়েছে। পরিশিষ্টটিতে অতিরিক্ত কিছু প্রাসঙ্গিক তথ্য সন্নিবেশন করা হয়েছে; যা প্রতিবেদনের মূল অংশে সন্নিবেশিত হয় নাই।

1.1 Structure of the report

This report provides an overview of the result available from the survey. The report is consisted of seven chapters and an appendix table. Chapter I explains the background and objectives of the survey, Chapter II summarizes the survey methodology and the conceptual framework in the line of international guidelines and standards, particularly guidelines articulated in the 2008 SNA, on which the rest of this report is based. Chapter III outlines the basic knowledge on different terminologies used in this publication related to the strategy for measurement of output, intermediate consumption and value added. Chapter IV describes the survey findings related to retention by farm households and gross marketed surplus of the agricultural commodities. Chapter V details data on intermediate consumption and value added in relation to production of agricultural commodities. Chapter VI presents data on labour cost and mixed income. Lastly, chapter VII portrays the profile of sample households.

An appendix is attached at the end of this report. This appendix will allow readers to point to additional information that is relevant, but would be out of place in the main body of the text.

১.২ জরিপ পরিধি

জরিপ পরিধি প্রধানত চর্চিত সামগ্রীক (population studied), সময় (time) এবং স্থান (space) এর ভিত্তিতে সংজ্ঞায়িত করা হয়ে থাকে।

১.২.১ সমগ্রকের পরিধি (population scope)

বাংলাদেশের গ্রামীণ অঞ্চলের সকল কৃষিখানা এই জরিপের কাঙ্ক্ষিত সমগ্রকের (target population) অন্তর্ভুক্ত ছিল। কোন অকৃষিখানা জরিপের অন্তর্ভুক্ত ছিল না।

১.২.২ ভৌগোলিক পরিধি (geographical scope)

বাংলাদেশের গ্রামীণ অঞ্চলে অবস্থিত সমস্ত পরিসংখ্যানিক একক (কৃষি খানা) এই জরিপের বিষয়বস্তু ছিল।

১.২.৩ সময় সংশ্লিষ্ট পরিধি (time scope)

২০১৭-১৮ অর্থবছর এ জরিপটির প্রাসঙ্গিক সময়কাল (reference period) হিসেবে বিবেচিত হয়েছিল।

১.৩ জরিপের লক্ষ্য এবং উদ্দেশ্য

জরিপটির মূল লক্ষ্য ছিল জাতীয় হিসাব নিরূপণের জন্য প্রয়োজনীয় অপেক্ষাকৃত নতুন তথ্য সংগ্রহ ও পরিবেশনের মাধ্যমে বিবিএসের জাতীয় হিসাব সংকলনকারীগণকে সহায়তা করা, যাতে করে অধিকতর অন্তর্ভুক্তিমূলক (wider coverage) এবং উন্নত পদ্ধতিতে জিডিপি নিরূপণ করা সম্ভব হয়। আশা করা হচ্ছে, জরিপ হতে প্রাপ্ত ফলাফলসমূহ, এসএনএ-২০০৮ এর ধারণাগত কাঠামোর সাথে (conceptual frame work) সঙ্গতি রেখে, উৎপাদন ভিত্তিক জিডিপি নিরূপণে ব্যবহার করা হবে। জরিপের সুনির্দিষ্ট লক্ষ্যসমূহ নিম্নরূপ:

- গৌণ ফসল (minor crops) সহ সকল ফসলের সংরক্ষণ (retention) এবং স্থূল বাজারজাতকৃত উদ্ভূতের (marketed

1.2 Scope of the survey

The survey scope was defined relating to the population studied, time and space.

1.2.1 Population scope

The target population scope of the survey was the agricultural household in rural areas of Bangladesh. The non-agricultural household was not under the purview of this survey.

1.2.2 Geographical Scope

All statistical units (agricultural household) located in rural area of Bangladesh were objects of the survey.

1.2.3 Time scope

The reference period of the survey was the financial years 2017-18.

1.3 Goals and objectives of the Survey

The ultimate goal of the survey was to generate newer data required for the compilation of national accounts and assists national accounts compilers at BBS to compile GDP with wider coverage and improved methodology. The findings of the survey are expected to be used in the compilation of production-based GDP in conformity with the conceptual framework of SNA-2008. However, the specific objectives of the survey were:

- To assess the volume and pattern of retention and gross marketed surplus of almost all agricultural commodities, including minor crops;

- surplus) আকার (volume) এবং প্যাটার্ন (pattern) মূল্যায়ণ ও পরিমাপ করা;
- প্রতি একক কৃষি পণ্য উৎপাদনে মধ্যবর্তী ভোগ (intermediate consumption) এবং মূল্য সংযোজনের অনুমিত পরিমাণ নিরূপণ করা;
 - প্রতি একক কৃষি পণ্য উৎপাদনে পরিচালন উদ্বৃত্তের পরিমাণ প্রাক্কলন করা;
 - প্রতি একক কৃষি পণ্য উৎপাদনে শ্রমিকের মজুরির পরিমাণ নিরূপণ করা;

১.৪ জরিপ সংগঠন

এই জরিপটি বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়িত হয়েছে। বাংলাদেশ সরকার জরিপটির জন্য প্রয়োজনীয় অর্থায়ন করেছে। বিবিএস এবং বিবিএস-এর বাইরের বিশেষজ্ঞগণের সমন্বয়ে একটি প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠিত হয়। এই কমিটি জরিপ পদ্ধতি, নমুনায়ন নকশা (sample design) এবং প্রশ্নপত্র প্রস্তুতে সামগ্রিক কারিগরি সহায়তা প্রদান করেছে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) বিভিন্ন উইং এর প্রতিনিধিদের সমন্বয়ে একটি অভ্যন্তরীণ কার্যনির্বাহী গ্রুপ (working group) গঠন করা হয়। এই কার্যনির্বাহী গ্রুপ জরিপের পরিধি, উদ্দেশ্য এবং খসড়া প্রশ্নপত্র পর্যালোচনাপূর্বক কতিপয় বিষয় জরিপে অন্তর্ভুক্ত করতে এবং কতিপয় বিষয় জরিপ থেকে বাদ দিতে সুপারিশ করে। কার্যনির্বাহী গ্রুপের সুপারিশ গুলি পর্যালোচনা করে প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) অনুমোদন করে।

১.৫ জরিপ ফলাফল

এই জরিপের প্রধান লক্ষ্য ছিল কৃষিখানা কর্তৃক উৎপাদিত কৃষি পণ্যের সংরক্ষণ (retention) এবং স্থূল বাজারজাতকৃত উদ্বৃত্ত সম্পর্কিত তথ্য সংগ্রহ করা। এই জরিপের ফলাফল হচ্ছে কৃষিপণ্যের সংরক্ষণ

- To assess the intermediate consumption and value added per unit of production of agricultural commodities;
- To assess the operating surplus per unit of production of agricultural commodities;
- To assess the compensation of employees per unit of production of the agricultural commodities produced by farm households.

1.4 Organization of the survey

This survey was implemented by the Bangladesh Bureau of Statistics (BBS). The funding for the survey was received from the Government of Bangladesh (GOB). A project implementation committee (PIC) consists of experts from both BBS and outside the BBS was established. This committee provided overall technical assistance on survey methodology, sample design and questionnaire development. An in-house working group was also formed with representatives from different wings of the Bangladesh Bureau of Statistics (BBS). This working group reviewed the scope, objectives and draft questionnaire of the survey and recommended several survey items for inclusion in and deletion from the survey. The recommendations made by the working group were reviewed and approved by the Project Implementation Committee (PIC).

1.5 Output of the survey

The main purpose of this survey was to collect information on farm retention and Marketed Surplus (MS) of agricultural commodities. The output of this survey is the availability of and accessibility in the quality data on the volume and pattern of the

(retention) এবং স্থূল বাজারজাতকৃত উদ্ভূতের আকার ও প্যার্টান সংশ্লিষ্ট মানসম্পন্ন তথ্যের প্রাপ্যতা এবং অতিগম্যতা (accessibility)। তাছাড়াও, এই জরিপটির মাধ্যমে প্রায় সকল প্রকার কৃষি পণ্যের প্রতি একক উৎপাদনের সাথে সংশ্লিষ্ট স্থূল মূল্য সংযোজন, মধ্যবর্তী ভোগ (intermediate consumption), শ্রমিকের মজুরি বাবদ ব্যয় এবং মিশ্র আয়/পরিচালন উদ্ভূতের হালনাগাদ তথ্য পাওয়া গিয়েছে।

১.৬ জরিপটির যৌক্তিকতা

এখন পর্যন্ত চাল ও গমের মতো কিছু প্রধান খাদ্যশস্যের স্থূল বাজারজাতকৃত উদ্ভূত সংশ্লিষ্ট কয়েকটি সমীক্ষা পরিচালিত হয়েছে। অন্যান্য কৃষি ফসলের বিশেষ করে পৌণ ফসলসমূহের (minor crops), স্থূল বাজারজাতকৃত উদ্ভূতের গতিপ্রকৃতি নির্ণয়ের জন্য এখন পর্যন্ত কোন সমীক্ষা পরিচালিত হয়নি। ফলস্বরূপ: পৌণ কৃষি ফসলের স্থূল বাজারজাতকৃত উদ্ভূতের সংশ্লিষ্ট কোন সরকারি পরিসংখ্যান বিদ্যমান নেই। কৃষি ও বাণিজ্য খাতের মূল্য সংযোজন আরো বিস্তৃত অন্তর্ভুক্তিতা (coverage) ও অধিকতর উন্নত পদ্ধতিতে নিরূপণের লক্ষ্যে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর জাতীয় হিসাব সংকলকগণ এ জাতীয় একটি জরিপের জরুরী প্রয়োজনীয়তা দীর্ঘকাল ধরে অনুভব করে আসছিলেন। আশা করা হচ্ছে, জরিপ থেকে প্রাপ্ত ফলাফল প্রায় সকল কৃষি পণ্যের স্থূল বাজারজাতকৃত উদ্ভূতের আকার ও প্যার্টান সংশ্লিষ্ট বিদ্যমান তথ্য ঘাটতি নিরসনে সহায়ক হবে। এই জরিপের মাধ্যমে প্রাপ্ত বেইসলাইন তথ্য কৃষি বিপণনের উপর নজরদারি ও মূল্যায়ণ অনুশীলনের পাশাপাশি একই সাথে ভোগের জন্য গুরুত্বপূর্ণ কৃষিপণ্যের প্রাপ্যতা সম্পর্কে ধারণা লাভের বিষয়টি সহজতর করবে। এই জরিপ ফলাফলসমূহ ভবিষ্যতে জিডিপি সংশোধন এবং ভিত্তিবহর পরিবর্তন করার প্রয়োজনেও ব্যবহৃত হতে পারে। সুতরাং, এই জরিপটি কৃষি পণ্যের স্থূল

retention (the actual quantity for consumption and not the quantity actually required for consumption) and gross marketed surplus (the actual sale) of the agricultural commodities produced by the farmers. Besides, this survey produced data on Gross Value Added (GVA), Intermediate Consumption (IC), employment cost and mixed income/ operating surplus per unit of production for almost all agricultural commodities.

1.6 Justification of the survey

Until now, there have been a few studies on the gross marketed surplus of major food grains such as rice and wheat. No studies have so far been conducted to assess the behavior of marketed surplus of other agricultural crops particularly for minor crops. As a result, no official statistics on the marketed surplus of minor agricultural crops exist. A survey like this has long been felt urgently necessary primarily by the national accounts compilers at the Bangladesh Bureau of Statistics (BBS) with a view to estimating value added of the agriculture as well as the trade sector with extensive coverage and improved methodology. The findings of this survey are also expected to mitigate the existing data gap related to the volume and pattern of the marketed surplus of almost all agricultural commodities in our country. The baseline data generated through this survey may also facilitate monitoring and evaluation exercise on agricultural marketing as well as for estimating the availability of important agricultural commodities for consumption. The findings of this survey may also be used for revision and rebasing of GDP in the time to come. Thus, this survey is very much

বাজারজাতকৃত উদ্বৃত্ত, সংরক্ষণ (retention), মধ্যবর্তী ভোগ (intermediate consumption) এবং মূল্য সংযোজন সম্পর্কিত সঠিক তথ্যভান্ডার (database) সরবরাহ করার ক্ষেত্রে অত্যন্ত প্রাসঙ্গিক এবং গুরুত্বপূর্ণ।

১.৭ জরিপ থেকে প্রাপ্ত ফলাফলের ব্যবহার

- জরিপের ভিত্তিতে প্রায় সকল কৃষিপণ্যের স্থূল উদ্বৃত্ত সম্পর্কে আমাদেরকে পরিসংখ্যানিক সিদ্ধান্ত (statistical inference) প্রদান করতে সহায়ক হবে;
- জরিপ থেকে প্রাপ্ত ফলাফলসমূহ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক প্রাক্কলিত জাতীয় হিসাব সংশ্লিষ্ট সূচকসমূহ অধিকতর পরিমার্জনের (refinement) জন্য ব্যবহার করা যেতে পারে;
- প্রাপ্ত উপাত্তসমূহ আমাদের দেশে কৃষি পণ্যের প্রাপ্যতা সম্পর্কে অনুমিত ধারনার পাশাপাশি কৃষি বিপণনের পর্যবেক্ষণ (monitoring) এবং মূল্যায়ণ অনুশীলনের (evaluation exercises) জন্যও ব্যবহার করা যেতে পারে;
- এই জরিপের ফলাফলগুলি পরবর্তী সময়ে জিডিপি'র সংশোধন এবং ভিত্তিবিহীন পরিবর্তনের কাজে ব্যবহারের সুযোগ আছে।

১.৮ জরিপ ফলাফলের ব্যবহারকারী

